দৈনিক সংবাদ

তারিখ 08 DEC 1985
পৃষ্ঠা 1 কলাম 6

014

# সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল গঠনে আদেশ জারি

প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ, এম এরশাদ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৬ নং অনুচ্ছেদের পুনরুজ্জীবনের মাধ্যমে সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল প্রতিষ্ঠার জন্য গতকাল শনিবার সাংবিধানিক (আংশিক) (তৃতীয়) আদেশ ১৯৮৫ জারি করেছেন। তথ্য বিবরণীর বরাত দিয়ে এনা. এ খবর জানিয়েছে।

আদেশের পূর্ণ বিবরণ নিম্নরূপ: "সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল প্রতিষ্ঠার উদ্দেশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের আংশিক পুনরুজ্জীবন যেহেতু প্রয়োজন তাই ১৯৮২ সালের ২৪শে মার্চের ঘোষণার ধারার বিধান অনুযায়ী এবং এক্ষেত্রে তাঁর ওপর অর্পিত সকল ক্ষমতাবলে প্রধান সামরিক আইন প্রশাসক নিম্নোক্ত আদেশ জারি করেছেন:

(১) সংক্ষিপ্ত শিরোনাম--এই আদেশকে সংবিধান (আংশিক পুনরুজ্জীবন) (তৃতীয়) আদেশ, ১৯৮৫ বলা যেতে পারে।

(২) সংবিধানের ৯৬ নং অনুচ্ছেদ পুনরুজ্জীবন-এই আদেশ বলবৎ হওয়ার পর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের ৯৬ নং অনুচ্ছেদের বিধানগুলো পুনরুজ্জীবিত হবে।

## উপ-অনুচ্ছেদ (৪) সংশোধন

প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ, এম এরশাদ ১৯৮২ সালের ২৪শে মার্চের ঘোষণার তফসিলের ১০ নং অনুচ্ছেদের উপ-অনুচ্ছেদ (৪) সংশোধন করে গতকাল শনিবার একটি আদেশ জারি করেছেন।

(১) আদেশের শিরোনাম: এই আদেশকে ঘোষণা (ষষ্ঠ সংশোধনী) আদেশ, ১৯৮৫ বলা যেতে পারে।

(২) ঘোষণার সংশোধন-—১৯৮২ সালের ২৪শে মার্চের ঘোষণার তফসিলে ১০ নং অনুচ্ছেদের উপ-অনুচ্ছেদ (৪) বাদ যাবে।